

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৭৫

পরিচ্ছেদঃ নবুয়াতের যুগ চলে গিয়েছে তবে সুসংবাদ এখনো বাকী।

بَابُ ذَهَبَت النُّابُوَّةُ وَيَقِيَت الْمُبَشِّرَاتُ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ الزَّعْفَرَانِيُّ، حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ يَعْنِي ابْنَ زِيَادٍ، حَدَّثَنَا الْمُخْتَارُ بْنُ فُلْفُل، حَدَّثَنَا أَنسُ بْنُ مَالِك، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ الرِّسَالَةَ وَالنُّبُوَّةَ قَدِ انْقَطَعَتْ فَلاَ رَسُولَ بَعْدِي وَلاَ نَبِيَّ ". قَالَ فَشَقَّ ذَلِكَ عَلَى النَّاسِ فَقَالَ " لَكِنِ الْمُبَشِّرَاتُ ". قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَا الْمُبَشِّرَاتُ قَالَ " رُوْيًا عَلَى النَّاسِ فَقَالَ " لَكِنِ الْمُبَشِّرَاتُ ". قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَا الْمُبَشِّرَاتُ قَالَ " رُوْيًا الْمُسُلِمِ وَهِيَ جُزْءٌ مِنْ أَجْزَاءِ النُّبُوَّةِ ". وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَحُذَيْفَةَ بْنِ أَسِيدٍ وَابْنِ عَلَى الْمُسْلِمِ وَهِيَ جُزْءٌ مِنْ أَجْزَاءِ النُّبُوَّةِ ". وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَحُذَيْفَةَ بْنِ أَسِيدٍ وَابْنِ عَلَى النَّسِ وَأُمِّ كُرْزٍ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثِ الْمُخْتَارِ بْنِ فُلْفُلُ .

বাংলা

২২৭৫. হাসান ইবন মুহাম্মদ যা'আফরানী (রহঃ) আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রিসালাত ও নবুওয়াতের যুগ শেষ হয়ে গিয়েছে। আমার পরে কোন রাসূলও নেই কোন নবীও নেই। আনাস রাদিয়াল্লাহু আনহ বলেনঃ লোকদের কাছে বিষয়টি খুব কঠিন মনে হল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তবে মুবাশশিরাত এখনও বাকী আছে। সাহাবীগণ বললেন, ইয়া রাসূলাল্লাহ, মুবাশশিরাত কি? তিনি বললেন, মুসলিমের স্বপ্ন। আর তা হল নবুওয়াতের অংশগুলির মধ্যে অংশ বিশেষ। সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৭২ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবূ হুরায়রা, হুযায়ফা ইবন আসীদ, ইবন আব্বাস এবং উম্মু কুর্য রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ। মুখতার ইবন ফুলফুল (রহঃ)-এর রিওয়ায়াত হিসাবে এ সূত্রে গারীব।

English

Anas bin Malik narrated:



"The Messenger of Allah (s.a.w) said: 'Indeed Messenger-ship and Prophethood have been terminated, so there shall be no Messenger after me, nor a Prophet.'" He(Anas) said: "The people were concerned about that, so he (s.a.w) said: 'But there will be Mubash-shirat.' So they said: 'O Messenger of Allah! What is Mubash-shirat?' He said: 'The Muslim's dreams, for it is a portion of the portions of Prophethood.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন